গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১৮৩

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই ২০২৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। **সর্বশেষ আবহাওয়ার পরিস্থিতি:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

২। **আজ ১২ জুলাই ২০২৬ সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। **ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা:**
সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (১২-০৭-২০২৬ খ্রিঃ) দুপুর ১২ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি. /২৪ ঘন্টা) থেকে অতি ভারী (>৮৮ মি.মি. /২৪ ঘন্টা) বর্ষণ হতে পারে।

৪। **আজ ১২.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** মৌসুমি বায়ুর বর্ধিতাংশের অক্ষ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় বিরাজমান আছে।

**পূর্বাভাস:**
**প্রথম দিন (১২.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের ভারী বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (১৩.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং চট্টগ্রাম ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের ভারী বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (১৪.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় এবং ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর ও রাজশাহী বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**চতুর্থ দিন (১৫.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে:**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**পঞ্চম দিন (১৬.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.০ গোপালগঞ্জ | ৩১.৮ রাজশাহী | **৩৪.৫ সৈয়দপুর** | ২৯.৫ নেত্রকোনা | ৩১.৫ সিলেট | ৩১.২ রামগতি | ৩৩.০ মোংলা ও কয়রা | ৩২.৬ পটুয়াখালী |
| নিম্ন তাপমাত্রা | **২৩.৭ নারায়ণগঞ্জ** | ২৬.২ রাজশাহী ও বদলগাছী | ২৬.০ তেঁতুলিয়া | ২৬.০ নেত্রকোনা | ২৪.২ সিলেট | ২৪.৫ রাঙ্গামাটি ও বান্দরবান | ২৪.৫ কুমারখালী | ২৫.২ পটুয়াখালী |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **সৈয়দপুর ৩৪.৫°** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **নারায়ণগঞ্জ ২৩.৭°** ।
(তথ্য সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

**৫। বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:**
**(২৮ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ /১২ জুলাই, ২০২৬ খ্রি.)**
***বিপদসীমার / সতর্কসীমার উপরে নদ-নদীর তথ্য:***

- পর্যবেক্ষণাধীন স্টেশনসমূহের মধ্যে ০৩টি নদীর ০৫টি জেলার ০৫টি পয়েন্টে - সাঙ্গু নদী বান্দরবান (বান্দরবান) ও দোহাজারী (চট্টগ্রাম) স্টেশনে; কুশিয়ারা নদী মারকুলি (সুনামগঞ্জ) ও ফেঞ্চুগঞ্জ (সিলেট) স্টেশনে; সোমেশ্বরী নদী কলমাকান্দা (নেত্রকোণা) স্টেশনে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

*বৃষ্টিপাতের পূর্বাভাস:*

- আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় সিলেট বিভাগে এবং উজানে ভারতের আসাম, মেঘালয় প্রদেশে ভারি থেকে অতিভারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।

*বন্যা সতর্কতা:*

- গত ২৪ ঘণ্টায় পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় চট্টগ্রাম বিভাগের মুহুরী নদীর পানি সমতল স্থিতিশীল আছে; অপরদিকে হালদা, সাঙ্গু, মাতামুহুরী, গোমতী, ফেনী ও সেলোনিয়া নদীসমূহের পানি সমতল হ্রাস পেয়েছে। আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় ফেনী, চট্টগ্রাম ও খাগড়াছড়ি জেলার মুহুরী, ফেনী, সেলোনিয়া, হালদা ইত্যাদি নদীসমূহের পানি সমতল কিছু কিছু স্থানে বিপদসীমার (Danger Level) উপর দিয়ে প্রবাহিত হয়ে নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে। এছাড়া লক্ষ্মীপুর ও নোয়াখালী জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও এসময়ে সাময়িকভাবে প্লাবিত হতে পারে।
- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলীয় সিলেট বিভাগের মনু ,ধলাই ও খোয়াই নদীসমূহের পানি সমতল হ্রাস পেয়েছে। আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা, শেরপুর ও ময়মনসিংহ জেলার সারিগোয়াইন, যাদুকাটা, সোমেশ্বরী ও ভুগাই-কংস ইত্যাদি নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে কিছু কিছু স্থানে বিপদসীমার (Danger Level) উপর দিয়ে প্রবাহিত হতে পারে ও নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে।
- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের সুরমা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়েছে, অপরদিকে কুশিয়ারা নদীর পানি সমতল স্থিতিশীল আছে; যা আগামী ২৪ থেকে ৭২ ঘণ্টা বৃদ্ধি পেতে পারে। ফলে এ সময়ে সিলেট ও সুনামগঞ্জ জেলায় কুশিয়ারা নদীসংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে এবং সুরমা নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে।
- গত ২৪ ঘণ্টায় উত্তরাঞ্চলীয় রংপুর বিভাগের ধরলা ও দুধকুমার নদীসমূহের নদীর পানি সমতল বৃদ্ধি পেয়েছে; অপরদিকে তিস্তা নদীর পানি সমতল স্থিতিশীল আছে। আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে কিছু কিছু স্থানে বিপদসীমার (Danger Level) উপর দিয়ে প্রবাহিত হয়ে নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় বান্দরবান, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার সাঙ্গু, মাতামুহুরী এবং মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, ধলাই, খোয়াই ইত্যাদি ইত্যাদি নদীর পানি সমতল হ্রাস পেতে পারে এবং নদী সংলগ্ন নিম্নাঞ্চলসমূহে বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।

**(২৮ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ জুলাই, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশনঃ ০৫ টি, নদীঃ ০৩ টি, জেলাঃ ০৫ টি।**

| মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমা উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| কুশিয়ারা | ফেঞ্চুগঞ্জ | সিলেট | ৯.৪৫ | ৯.৭০ | +০৪ | +২৫ |
| কুশিয়ারা | মারকুলি | সুনামগঞ্জ | ৭.০৫ | ৭.১৯ | -০৩ | +১৪ |
| সোমেশ্বরী | কমলাকান্দা | নেত্রকোণা | ৬.৫৫ | ৬.৫৭ | +০৪ | +০২ |
| সাঙ্গু | বান্দরবান | বান্দরবন | ১৪.৮০ | ১৫.৮৭ | ০০ | +১০৭ |
| সাঙ্গু | দোহাজারী | চট্টগ্রাম | ৬.৫৫ | ৬.৬৯ | -০৫ | +১৪ |

***গত ২৪ ঘন্টায় মনু নদী মৌলভীবাজার স্টেশন ও খোয়াই নদীর বাল্লাহ স্টেশনে বিপদসীমার নিচে নেমে গেছে এবং নতুন করে সোমেশ্বরী নদী কমলাকান্দা স্টেশনে বিপদসীমার উপরে উঠে গেছে।**

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**
**বাংলাদেশের অভ্যন্তরে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| পটুয়াখালী | ১৮৭.০ | ভাগ্যকুল (মুন্সিগঞ্জ) | ১৭২.০ |
| ঢাকা | ১৩৫.০ | ভৈরব বাজার (কিশোরগঞ্জ) | ১৩০.০ |
| নরসিংদী | ১২৪.০ | বি- বাড়ীয়া | ১২০.০ |
| ফরিদপুর | ১১৮.০ | কক্সবাজার | ১১৫.০ |
| টেকনাফ (কক্সবাজার) | ১১৩.০ | জাফলং (সিলেট) | ১০৯.০ |
| চট্টগ্রাম | ১০৫.০ | খুলনা | ১০০.০ |
| পাবনা | ৯৬.০ | দুর্গাপুর (নেত্রকোণা) | ৮৩.০ |
| লরেরগড় (সুনামগঞ্জ) | ৭৮.০ | লাটু (সিলেট) | ৭৮.০ |
| জারিয়াজাঞ্জাইল (নেত্রকোণা) | ৭৩.০ | পরশুরাম (ফেনী) | ৬৮.০ |
| নোয়াখালী | ৬৪.০ | মাদারীপুর | ৬২.০ |
| মহেশখোলা (সুনামগঞ্জ) | ৫৮.০ | দক্ষিণবাগ (মৌলভীবাজার) | ৫৬.০ |

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| আর. কে. এম সোহরা (মেঘালয়) | ১৬৮.০ | গোহাটি (আসাম) | ১২০.০ |
| চেরাপুঞ্জি (মেঘালয়) | ১০০.০ | রাতাচেরা (মেঘালয়) | ৮০.০ |
| মাওফালং (মেঘালয়) | ৭৮.০ | বেলোনিয়া (ত্রিপুরা) | ৬৬.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১২৭ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৬৬ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৬০ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০১ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | **০৫** |
| পর্যবেক্ষণকৃত স্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে | | | |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | ০৩ টি | | |
| নদীসমূহ সংলগ্ন জেলার সংখ্যা | ০৫ টি | | |
| নদীসমূহ সংলগ্ন জেলা | সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা , চট্টগ্রাম ও বান্দরবান। | | |

৬। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১০ জুলাই ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ১১ জুলাই ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **০৬ টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ২ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪. | সিলেট | ১ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭. | খুলনা | ১ | ০ | ০ |
| ৮. | রংপুর | ২ | ০ | ০ |
| | **মোট** | ০৬ | **০** | ০ |

১২-০৭-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১৮৩/১ (১৭)

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।